# ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ও ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা, ২০২০

দ্রুত ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন এবং আর্থ-সামাজিক অগ্রগতির অপরিহার্য পূর্বশর্ত হচ্ছে উৎপাদনশীলতা বৃদ্ধি। শিল্প, কৃষি ও সেবাসহ সকল খাতের উৎপাদন বৃদ্ধি, ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি, জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন ও উচ্চ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করতে উৎপাদনশীলতা বৃদ্ধির বিকল্প নেই। ২০১১ সালের ০২ অক্টোবর মাননীয় প্রধানমন্ত্রী পণ্য ও সেবার গুণগত মান এবং উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে প্রণোদনা সৃষ্টি ও উৎসাহ প্রদানের জন্য শ্রেষ্ঠ শিল্প ও সেবা প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদানের ঘোষণা প্রদান করেন। সরকারি সিদ্ধান্তের আলোকে বর্ণিত অ্যাওয়ার্ড প্রদানের লক্ষ্যে **"ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ও ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা, ২০২০"** প্রণয়ন করা হলো।

## ১। সংক্ষিপ্ত শিরোনাম

এই নীতিমালা '**ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ও ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা, ২০২০**' নামে অভিহিত হবে।

## ২। ক্ষেত্র ও ক্যাটাগরি নির্ধারণ

(২.১) শিল্প, সেবা ও কৃষি ক্ষেত্রে পণ্যের গুণগত মান ও উৎপাদনশীলতায় অবদানের জন্য বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির, রাষ্ট্রায়ত্ত শিল্পকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদান করা হবে।

| ক্রমিক নং | শিল্পের ধরণ |
|---|---|
| ১ | বৃহৎ শিল্প ক্যাটাগরি |
| ২ | মাঝারি শিল্প ক্যাটাগরি |
| ৩ | ক্ষুদ্র শিল্প ক্যাটাগরি |
| ৪ | মাইক্রো শিল্প ক্যাটাগরি |
| ৫ | কুটির শিল্প ক্যাটাগরি |
| ৬ | রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান |

(২.২) উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক কর্মকাণ্ডের স্বীকৃতিস্বরূপ ট্রেড অর্গানাইজেশনস অর্ডিন্যান্স, ১৯৬১ এর আওতায় শ্রেষ্ঠ রেজিস্ট্রার্ড ট্রেডবডি/বাণিজ্য সংগঠনকে ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড (Institutional Appreciation Award) শীর্ষক ট্রফি প্রদান করা হবে।

(২.৩) ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ক্ষেত্র হ্রাস বা বৃদ্ধি করতে পারবে। ক্ষেত্র নির্ধারণে নিম্নরূপ বিষয়সমূহ বিবেচনা করা হবে:

- (ক) বিদ্যমান জাতীয় শিল্পনীতিতে বর্ণিত শিল্প প্রতিষ্ঠানের সংজ্ঞা ও শ্রেণিবিন্যাস অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির শিল্প চিহ্নিত করা হবে
- (খ) সরকারি সকল কর্পোরেশনের আওতাধীন শিল্প/সেবা প্রতিষ্ঠানসমূহ "রাষ্ট্রায়ত্ত শিল্প" হিসেবে গণ্য হবে
- (গ) "সেবা প্রতিষ্ঠান" বলতে জাতীয় শিল্পনীতিতে ঘোষিত সেবা খাতভুক্ত প্রতিষ্ঠানকে বুঝাবে
- (ঘ) ট্রেডবডি/বাণিজ্য সংগঠন বলতে ট্রেড অর্গানাইজেশনস অর্ডিন্যান্স, ১৯৬১ এর আওতায় রেজিস্ট্রার্ড সংগঠনকে বুঝাবে।

### ৩। অ্যাওয়ার্ড প্রাপকের সংখ্যা নির্ধারণ

**(ক) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড**

বিদ্যমান জাতীয় শিল্পনীতিতে বর্ণিত শিল্প প্রতিষ্ঠানের সংজ্ঞা (শিল্প, সেবা ও কৃষি) ও শ্রেণিবিন্যাস অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির, রাষ্ট্রায়ত্ত শিল্পের প্রতিটি ক্যাটাগরিতে কোয়ালিটিসম্পন্ন এবং ধার্যকৃত কোয়ালিফাইং নম্বর প্রাপ্তধারীদের প্রতিটি খাত-উপখাতে বিভক্ত করে পৃথক পৃথক খাত-উপখাত বিবেচনায় নিয়ে প্রতিটি খাত-উপখাত ভিত্তিক সর্বোচ্চ নম্বরধারী ৩ টি প্রতিষ্ঠান নির্বাচন করে অ্যাওয়ার্ড প্রদান করা যাবে।

**(খ) ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ট্রফি**

উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক কর্মকাণ্ডের স্বীকৃতিস্বরূপ ট্রেড অর্গানাইজেশনস অর্ডিন্যান্স, ১৯৬১ এর আওতায় দাখিলকৃত আবেদনের মধ্য হতে শ্রেষ্ঠ ০৩টি রেজিস্ট্রার্ড ট্রেডবডি/বাণিজ্য সংগঠনকে ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড শীর্ষক ট্রফি প্রদান করা যাবে। প্রয়োজনে মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে এনপিও উক্ত সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করতে পারবে।

### ৪। মনোনয়নযোগ্যতা

(ক) অ্যাওয়ার্ড প্রাপ্যতা বিবেচনার ক্ষেত্রে প্রতিষ্ঠানের বার্ষিক আয়, বিনিয়োগের পরিমাণ, আমদানি বিকল্প পণ্য উৎপাদন, স্থানীয় কাঁচামাল ব্যবহার, কর্মসংস্থান, সামাজিক দায়িত্ব পালন, উদ্ভাবন ও পরিবেশ সংরক্ষণ, পণ্যের গুণগত মান উন্নয়ন ও উৎপাদনশীলতা উন্নয়ন ইত্যাদি ক্ষেত্রে বিগত ০৩ অর্থ বৎসরের অবদান বিবেচনা করা হবে।

(খ) ট্রেডবডি/বাণিজ্য সংগঠনের বিগত ০৩ অর্থ বৎসরের জাতীয় উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক বিভিন্ন কর্মকাণ্ড বিবেচনা করা হবে।

### ৫। আবেদন আহবান

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) প্রতি বছর মার্চ মাসের মধ্যে কমপক্ষে দুইটি জাতীয় দৈনিক পত্রিকা, শিল্প মন্ত্রণালয়, এনপিও'র ওয়েবসাইট ও নোটিশ বোর্ডের মাধ্যমে অ্যাওয়ার্ডের জন্য আবেদন আহবান করবে। এনপিও শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে প্রজ্ঞাপন জারি করে আবেদন ফরমের মূল্য পুনঃনির্ধারণ করতে পারবে। অ্যাওয়ার্ডের আবেদন পত্রের মূল্য নিম্নরূপ:

| ক্রমিক | শিল্পের ধরণ | আবেদনপত্রের মূল্য |
|---|---|---|
| ১ | বৃহৎ শিল্প | ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা |
| ২ | মাঝারি শিল্প | ৩,০০০.০০ (তিন হাজার) টাকা |
| ৩ | ক্ষুদ্র শিল্প | ২,০০০.০০ (দুই হাজার) টাকা |
| ৪ | মাইক্রো শিল্প | ১,০০০.০০ (এক হাজার) টাকা |
| ৫ | কুটির শিল্প | ১,০০০.০০ (এক হাজার) টাকা |
| ৬ | রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান | ৪,০০০.০০ (চার হাজার) টাকা |
| ৭ | ট্রেডবডি/বাণিজ্য সংগঠন | ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা |

### ৬। আবেদনের শর্তাবলী

(ক) আবদনপত্র আহ্বানের পূর্ববর্তী জুন মাসে সমাপ্ত অর্থ বৎসর থেকে বিবেচ্য বছরসহ ধারাবাহিকভাবে ৩ (তিন) অর্থ বৎসর বাংলাদেশে আবেদনকারী প্রতিষ্ঠানের উৎপাদন/সেবা কার্যক্রম চালু থাকতে হবে।

(খ) শিল্প/সেবা প্রতিষ্ঠানের মালিক/মনোনীত প্রতিনিধিকে ক্যাটাগরি ভিত্তিক এনপিও'র নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

৭। আবেদনের অযোগ্যতা

(ক) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠান অ্যাওয়ার্ড প্রাপ্তির পরবর্তী ০২ বছর আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবে না।

(খ) ঋণ খেলাপি বা কর বকেয়া থাকলে আবেদনের জন্য যোগ্য হবে না তবে এ সংক্রান্ত মামলা চলমান থাকলে তা বিবেচনায় নেওয়া হবে।

(গ) অসম্পূর্ণ, অস্পষ্ট ও ভুল তথ্য সম্বলিত আবেদন পত্র বাতিল বলে বিবেচিত হবে।

৮। আবেদন ফরম সংগ্রহ পদ্ধতি

(ক) আবেদন ফরমের মূল্য বাবদ সংশ্লিষ্ট ফি নগদ বা এনপিও সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। আবেদন ফরম ওয়েবসাইট হতে ডাউনলোড করে নির্ধারিত ফিসহ জমা প্রদান করা যাবে। পর্যায়ক্রমে ডিজিটাল পদ্ধতিতে আবেদন ফরম বিতরণ ও জমার ব্যবস্থা গ্রহণ করা হবে। ডিজিটাল পদ্ধতি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত ম্যানুয়াল পদ্ধতিতে ফরম সরবরাহ ও গ্রহণ করা যাবে।

৯। ফরম পূরণপূর্ব ওরিয়েন্টেশন

অ্যাওয়ার্ডের আবেদন ফরম পূরণ বিষয়ক একটি ওরিয়েন্টেশন বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদন জমাদানের শেষ তারিখের ১৫ দিন পূর্বে বা সুবিধাজনক সময়ে এনপিও আয়োজন করবে।

১০। আবেদনপত্র মূল্যায়নের মানদণ্ড

(ক) "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড" এর জন্য প্রাপ্ত আবেদন পত্রসমূহ তফসিল-১ অনুযায়ী নির্ধারিত নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে।

(খ) ট্রেডবডি/বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন বাণিজ্য সংগঠনকে "ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড" শীর্ষক ট্রফির জন্য প্রাপ্ত আবেদন পত্রসমূহ তফসিল-২ অনুযায়ী নির্ধারিত নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে।

১১। মনোনয়ন পদ্ধতি

ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদান সংক্রান্ত প্রাথমিক যাচাই কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই করে একটি প্রাথমিক তালিকা প্রণয়ন করবে। প্রাথমিক যাচাই কমিটির প্রাথমিক তালিকায় অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহ সম্পর্কে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করবে :

(ক) ঋণ খেলাপির বিষয়ে বাংলাদেশ ব্যাংক এবং বকেয়া কর সম্পর্কে জাতীয় রাজস্ব বোর্ডের মতামত গ্রহণপূর্বক তালিকায় বর্ণিত প্রতিষ্ঠানসমূহের পুরস্কার প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।

(খ) প্রাথমিক যাচাই কমিটি প্রণীত প্রাথমিক তালিকায় অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহের ঋণ খেলাপির বিষয়ে বাংলাদেশ ব্যাংক এবং বকেয়া কর সম্পর্কে জাতীয় রাজস্ব বোর্ডের মতামত গ্রহণের লক্ষ্যে বর্ণিত প্রতিষ্ঠান দু'টিতে তালিকার একটি করে কপি প্রেরণ করবে। প্রেরিত তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংক এবং জাতীয় রাজস্ব বোর্ড তাদের প্রতিবেদন প্রাথমিক যাচাই কমিটির নিকট প্রেরণ করবে।

১২। প্রাথমিক যাচাই কমিটি

(ক) **প্রাথমিক যাচাই কমিটি গঠন:** এনপিও'র যুগ্ম-পরিচালকের নেতৃত্বে এনপিও'র ০৭ (সাত) জন কর্মকর্তার সমন্বয়ে ০১ টি প্রাথমিক যাচাই কমিটি থাকবে। পরিচালক, এনপিও উক্ত কমিটি গঠন করবেন।

(খ) কমিটির কার্য পরিধি

(১) কমিটি প্রাপ্ত আবেদন পত্রসমূহ প্রাথমিক যাচাই বাছাই, কোডিং করে একটি প্রাথমিক তালিকা প্রণয়ন করবে।

(২) প্রাথমিক তালিকার ওপর জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত তথ্যাদি এবং আবেদনের প্রদত্ত তথ্যাদি যাচাই করে প্রাথমিক মূল্যায়নসহ প্রতিবেদন মূল্যায়ন কমিটির সভায় উপস্থাপন করবে।

১৩। মূল্যায়ন কমিটি

(ক) প্রাথমিক যাচাই কমিটি কর্তৃক দাখিলকৃত প্রাথমিক তালিকায় বর্ণিত প্রতিষ্ঠানসমূহ মূল্যায়নের জন্য নিম্নবর্ণিত মূল্যায়ন কমিটি দায়িত্ব পালন করবে:

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব (এনপিও সংশ্লিষ্ট), শিল্প মন্ত্রণালয় | সভাপতি |
| ২। | যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ৩। | যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৪। | যুগ্মসচিব (এনপিও সংশ্লিষ্ট), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৫। | বিটাক এর একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৬। | বিআইএম এর একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৭। | বিএসটিআই এর একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৮। | এফবিসিসিআই এর একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদা সম্পন্ন এবং প্রার্থী নয়) | সদস্য |
| ৯। | প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড (১ম/২য় সচিব পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ১০। | প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক (সিআইবি বিভাগের মহাব্যবস্থাপক) | সদস্য |
| ১১। | ডিসিসিআই এর একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদা সম্পন্ন এবং প্রার্থী নয়) | সদস্য |
| ১২। | এমসিসিআই এর একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদা সম্পন্ন এবং প্রার্থী নয়) | সদস্য |
| ১৩। | সভাপতি, নাসিব, ঢাকা | সদস্য |
| ১৪। | বিডব্লিউসিসিআই এর একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদা সম্পন্ন এবং প্রার্থী নয়) | সদস্য |
| ১৫। | পরিচালক, এনপিও | সদস্য-সচিব |

(খ) মূল্যায়ন কমিটির কার্য পরিধি

(১) কমিটি Malcolm Baldrige কোয়ালিটি অ্যাওয়ার্ড মডেলের আলোকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড নির্বাচনের জন্য তফসিল-১ এ বর্ণিত ১০০০ নম্বরের মানদন্ডের ভিত্তিতে প্রাপ্ত আবেদনপত্রসমূহ পর্যবেক্ষণ ও চূড়ান্ত মূল্যায়ন করবে। এ ক্ষেত্রে তফসিল-১ এ বর্ণিত মোট নম্বরের ৫০% কম নম্বর প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ জুরি বোর্ডে উপস্থাপনের জন্য বিবেচিত হবে না।

(২) মূল্যায়ন কমিটি প্রাথমিক যাচাই কমিটি কর্তৃক যাচাইকৃত প্রাথমিক তালিকাভুক্ত প্রতিষ্ঠানের আবেদন পত্রের সাথে সংযুক্ত দলিলাদি পরীক্ষাপূর্বক প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন ও মূল্যায়ন করবে। মূল্যায়ন কমিটি মূল্যায়নের মাধ্যমে প্রতিটি ক্যাটাগরির খাত ও উপখাত ভিত্তিক প্রথম ৫ (পাঁচ)টি প্রতিষ্ঠান বাছাইপূর্বক চূড়ান্ত নির্বাচনের জন্য জুরি বোর্ডের নিকট উপস্থাপন করবে।

(৩) মূল্যায়ন কমিটি ট্রেডবডি/বাণিজ্য সংগঠনের বিগত ০৩ বছরের উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে পরিচালিত কর্মকাণ্ডের ভিত্তিতে তফসিল-২ এ বর্ণিত ১০০ নম্বরের মানদণ্ডের ভিত্তিতে প্রাপ্ত আবেদন ফরমসমূহ পর্যবেক্ষণ ও চূড়ান্ত মূল্যায়ন করবে। এ ক্ষেত্রে তফসিল-২ এ বর্ণিত মোট নম্বরের ৫০% কম নম্বর প্রাপ্ত ট্রেডবডি/বাণিজ্য সংগঠন জুরি বোর্ডে উপস্থাপনের জন্য বিবেচিত হবে না।

**১৪। জুরি বোর্ড**

**(ক)** নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে চূড়ান্ত নির্বাচনের জন্য একটি জুরি বোর্ড থাকবে:

| | | |
|---|---|---|
| ১। | সচিব, শিল্প মন্ত্রণালয় | সভাপতি |
| ২। | অতিরিক্ত সচিব (এনপিও সংশ্লিষ্ট), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৩। | অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ৪। | অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৫। | অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৬। | অতিরিক্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | সদস্য |
| ৭। | অতিরিক্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৮। | অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৯। | প্রতিনিধি, এফবিসিসিআই (প্রার্থী নয় এমন কেউ) | সদস্য |
| ১০। | পরিচালক, এনপিও | সদস্য-সচিব |

**(খ) জুরি বোর্ডের কার্য পরিধি**

(১) মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকা জুরি বোর্ড চূড়ান্তভাবে পরীক্ষা-নিরীক্ষা ও মূল্যায়ন করবে।

(২) প্রতিটি ক্যাটাগরির খাত উপখাত বিভক্ত করে পৃথক পৃথক খাত-উপখাত বিবেচনায় নিয়ে সর্বোচ্চ নম্বরধারী প্রথম ০৩ (তিন)টি প্রতিষ্ঠানকে জুরি বোর্ড মূল্যায়নের ভিত্তিতে চূড়ান্তভাবে নির্বাচন করবে ।

(৩) জুরি বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে ।

**১৫। অ্যাওয়ার্ডের বিবরণ**

ক) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড [National Productivity & Quality Excellence Award (NPQEA) ] ট্রফি

খ) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড সংক্রান্ত সনদপত্র

গ) শিল্প মন্ত্রণালয় ও এনপিও কর্তৃক যৌথভাবে প্রদত্ত ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রাপ্তির কার্ড

ঘ) অ্যাওয়ার্ড প্রাপ্তির পরবর্তী ০৩ (তিন) বছর পাবলিসিটির জন্য ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স (NPQEA) অ্যাওয়ার্ড লোগো ব্যবহারের সুবিধা

ঙ) ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড [Institutional Appreciation Award (IAA)] শীর্ষক ট্রফি ও একটি সনদ

চ) শিল্প মন্ত্রণালয় ও এনপিও কর্তৃক যৌথভাবে প্রদত্ত ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড [Institutional Appreciation Award (IAA)] প্রাপ্তির কার্ড

জ) NPQEA এবং IAA কার্ড ০১ (এক) বছর পর্যন্ত বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের পরিচয়পত্র হিসেবে বিবেচিত হওয়ার সুযোগ।

**১৬। অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠান আয়োজন:** প্রতিবছর জুলাই মাসের মধ্যে অ্যাওয়ার্ড প্রদান করা হবে।

**তফসিল-১**

| ক্রমিক নং<br>(১) | বিষয়<br>(২) | নম্বর<br>(৩) | নম্বর<br>(৪) | নম্বর<br>(৫) | নম্বর<br>(৬) |
|---|---|---|---|---|---|
| ১.০০ | নেতৃত্ব | - | - | - | ২৯৫ |
| | ১.১ উর্ধতন নেতৃত্ব | - | - | ৩৫ | |
| | (ক) প্রতিষ্ঠানের ভিশন ও মিশন | | ২০ | | |
| | (খ) ভিশন ও মিশন বাস্তবায়নে গৃহীত কর্মকৌশল | | ১৫ | | |
| | ১.২ পরিচালন ও সামাজিক দায়িত্ববোধ | | | ২৬০ | |
| | ১.২(১) পরিচালন পদ্ধতি : | | ৫০ | | |
| | (ক) ব্যবস্থাপনার জবাবদিহিতা | ১০ | | | |
| | (খ) বাজেট প্রণয়ন ও বাস্তবায়নে সক্ষমতা | ১০ | | | |
| | (গ) প্রতিষ্ঠান পরিচালনার স্বচ্ছতা | ১০ | | | |
| | (ঘ) বিগত অর্থ বৎসরে অনুষ্ঠিত বোর্ড সভার সংখ্যা | ১০ | | | |
| | (ঙ) অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষক নিয়োগ পদ্ধতি ও অডিট রিপোর্ট বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ | ১০ | | | |
| | ১.২ (২) কর্মকান্ডের মূল্যায়ন : | | ৫০ | | |
| | (ক) প্রধান নির্বাহীসহ উর্ধতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কর্মকান্ডের মূল্যায়ণ পদ্ধতি | ১০ | | | |
| | (খ) নির্বাহীদের পদোন্নতি/প্রণোদনা প্রদানের পদ্ধতি | ১০ | | | |
| | (গ) বোর্ড সদস্য নির্বাচন ও বোর্ড সদস্যদের ক্ষমতা | ১০ | | | |
| | (ঘ) প্রতিষ্ঠানের বোর্ড সদস্যদের কর্ম মূল্যায়ন পদ্ধতি | ১০ | | | |
| | (ঙ) বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহণে সদস্যদের মতামত মূল্যায়ন | ১০ | | | |
| | ১.২ (৩) আইনগত ও নৈতিক দায়বদ্ধতা : | | ৫০ | | |
| | (ক) উৎপাদিত পণ্য বা উৎপাদন প্রক্রিয়া/প্রদত্ত সেবার ফলে সমাজে বিরূপ প্রভাবের প্রতিকারে গৃহীত ব্যবস্থা | ২০ | | | |
| | (খ) সামাজিক দায়বদ্ধতা প্রতিষ্ঠায় প্রণীত আইন কানুন ও বিধি বিধান প্রতিপালন | ১০ | | | |
| | (গ) পরিবেশ, সমাজ উন্নয়নে প্রতিষ্ঠানের অবদান | ২০ | | | |
| | ১.২ (৪) কর্মী ব্যবস্থাপনা | | ১১০ | | |
| | (ক) কর্মী নিয়োগ ও পদোন্নতি ব্যবস্থা | ১০ | | | |
| | (খ) কর্মপরিবেশ উন্নয়নে গৃহীত ব্যবস্থা | ২০ | | | |
| | (গ) কর্মীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ কর্মসূচি | ২০ | | | |
| | (ঘ) প্রতিষ্ঠানের উন্নয়নে কর্মীদের মতামত প্রদানের সুযোগ | ১০ | | | |
| | (ঙ) কর্মী অভিযোগ প্রতিকারের গৃহীত ব্যবস্থা | ১০ | | | |
| | (চ) শ্রমিক কল্যাণে গৃহীত ব্যবস্থা | ২০ | | | |
| | (ছ) অনুমোদিত মজুরি কাঠামো | ২০ | | | |
| ২.০০ | ব্যবসায়িক কৌশলগত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন : | | | | ৫০ |
| | ২.১ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে Action Plan প্রণয়ন | ২০ | | | |
| | ২.২ কর্ম পরিকল্পনা বাস্তবায়ন প্রক্রিয়া | ১৫ | | | |
| | ২.৩ পরিকল্পনাসমূহ বাস্তবায়নে কর্মী বাহিনীর সংশ্লিষ্টতা | ১৫ | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩.০০ | উৎপাদন ব্যবস্থাপনা : | | | | ১১০ |
| | ৩.১ উৎপাদন/সেবা পরিকল্পনা প্রণয়ন | ১০ | | | |
| | ৩.২ উৎপাদন/ সেবার লক্ষ্যমাত্রা অর্জন | ২০ | | | |
| | ৩.৩ উৎপাদন/ সেবা প্রক্রিয়ায় ব্যবহৃত আধুনিক প্রযুক্তি জ্ঞান | ১০ | | | |
| | ৩.৪ উৎপাদন/সেবা প্রক্রিয়ায় বর্জ্য ব্যবস্থাপনা | ২০ | | | |
| | ৩.৫ উৎপাদন/সেবা প্রক্রিয়ায় সৌর শক্তির ব্যবহার | ২০ | | | |
| | ৩.৬ নিজস্ব বিদ্যুৎ শক্তি (জেনারেটর) ব্যবহার | ১০ | | | |
| | ৩.৭ বিপজ্জনক রাসায়নিক দ্রব্য সংরক্ষণ ব্যবস্থা | ১০ | | | |
| | ৩.৮ প্রতিষ্ঠানের সরবরাহ লাইন ব্যবস্থাপনা (Supply Chain Management) পদ্ধতি | ১০ | | | |
| ৪.০০ | স্বাস্থ্য ও নিরাপত্তা : | | | | ৯০ |
| | ৪.১ উৎপাদন/সেবা প্রক্রিয়ায় গৃহীত নিরাপত্তা ব্যবস্থা | ১০ | | | |
| | ৪.২ দূর্যোগ মোকাবেলায় প্রস্তুতি | ১০ | | | |
| | ৪.৩ অগ্নি নির্বাপণ ব্যবস্থা | ২০ | | | |
| | ৪.৪ জরুরি নির্গমন ব্যবস্থা | ১০ | | | |
| | ৪.৫ স্বাস্থ্য বীমা | ১০ | | | |
| | ৪.৬ মেডিকেল চেকআপ/প্রাথমিক চিকিৎসা ব্যবস্থা | ২০ | | | |
| | ৪.৭ অ্যাম্বুলেন্স | ১০ | | | |
| ৫.০০ | ক্রেতার/ ভোক্তার মনোযোগ আকর্ষণ : | | | | ৬৫ |
| | ৫.১ পণ্য সম্পর্কে ক্রেতা/ ভোক্তার প্রতিক্রিয়া : | | ৪৫ | | |
| | ৫.১.১ ক্রেতা/ ভোক্তার নিকট হতে পণ্য ও সেবা সম্পর্কে মতামত সংগ্রহের প্রক্রিয়া | ১০ | | | |
| | ৫.১.২ ক্রেতা/ ভোক্তার সন্তুষ্টি নির্ধারণের পরিমাপক | ১০ | | | |
| | ৫.১.৩ ক্রেতা/ ভোক্তার সন্তুষ্টি অর্জনে গৃহীত ব্যবস্থা | ১৫ | | | |
| | ৫.১.৪ ক্রেতা/ভোক্তার অভিযোগ মূল্যায়ন ও সমাধান প্রক্রিয়া | ১০ | | | |
| | ৫.২ সনদ/পুরস্কার প্রাপ্তি : | | ২০ | | |
| | ৫.২.১ জাতীয় | ১০ | | | |
| | ৫.২.২ আন্তর্জাতিক | ১০ | | | |
| ৬.০০ | উন্নয়ন ও গবেষণা : | | | | ৩০ |
| ৭.০০ | পরিবেশ ও প্রতিবেশ রক্ষায় গৃহীত ব্যবস্থা সংক্রান্ত তথ্য : | | | | ৩০ |
| ৮.০০ | নতুন পণ্য বৈচিত্রকরণ/উদ্ভাবন : | | | | ৩০ |
| ৯.০০ | সার্বিক মূল্যায়ন : | | | | ৩০০ |
| | ৯.১ উৎপাদনশীলতা ফলাফল | | ১৭৫ | | |
| | ৯.২ ক্রেতা/ভোক্তার সন্তুষ্টির ফলাফল | | ৩৫ | | |
| | ৯.৩ কর্মী বাহিনীর সন্তুষ্টির ফলাফল | | ২৫ | | |
| | ৯.৪ আর্থিক ও বাজার ফলাফল | | ২৫ | | |
| | ৯.৫ পরিদর্শন কমিটির সরেজমিনের মূল্যায়ন | | ৪০ | | |
| মোট | | | | | ১০০০ |

সরকারের ঘোষণা অনুযায়ী বাংলাদেশের উৎপাদনশীলতা আন্দোলনকে বেগবান করা ও টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রাসমূহ অর্জন এবং এনপিও'র সহযোগিতায় উৎপাদনশীলতা উন্নয়নসহ উদ্বুদ্ধকরণে অবদানের স্বীকৃতি স্বরূপ ট্রেডবডি ও বাণিজ্য সংগঠনকে ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড [Institutional Appreciation Award (IAA)] শীর্ষক ট্রফি প্রদান করা যাবে। শিল্প মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তা, এনপিও'র উচ্চ পর্যায়ের কর্মকর্তা ও বিভিন্ন ট্রেডবডি ও বাণিজ্যিক সংগঠনের প্রতিনিধি সমন্বয়ে উপরোক্ত নির্দিষ্ট ক্রাইটেরিয়ার ভিত্তিতে ১০০ নম্বরের একটি আবেদন ফরম প্রস্তুত করা হয়েছে।

তফসিল-২

ট্রেড বডি/বাণিজ্য সংগঠনের ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নির্বাচনের [Institutional Appreciation Award] মান বন্টন নিম্নরূপ:

১। এসোসিয়েশন/ট্রেডবডি/ব্যবসায়িক সংগঠনের সাধারণ সভা সংক্রান্ত তথ্যাদি ১০

২। এসোসিয়েশন/ট্রেডবডি/ব্যবসায়িক সংগঠনের কার্য-নির্বাহী কমিটির সভা সংক্রান্ত তথ্যাদি ১০

৩। সংগঠনের কার্যক্রম ১০

৪। এনপিও'র সহযোগিতা ছাড়া প্রশিক্ষণ ও কর্মশালা ০৫

৫। এনপিও'র সহযোগিতা ছাড়া আলোচনা সভা ও সেমিনার ০৫

৬। জাতীয় উৎপাদনশীলতা দিবস উদযাপন উপলক্ষ্যে এসোসিয়েশন/ট্রেডবডি/ব্যবসায়িক সংগঠনের অবদান সংক্রান্ত তথ্যাদি ১০

৭। ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদানের বিজ্ঞপ্তি সদস্যদের অবহিতকরণ সংক্রান্ত তথ্যাদি ১০

৮। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র সাথে এসোসিয়েশন/ট্রেডবডি/ব্যবসায়িক সংগঠনের সমঝোতা স্মারক সংক্রান্ত তথ্যাদি ১০

৯। এনপিও'র সহযোগিতায় উৎপাদনশীলতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ ও কর্মশালা ০৫

১০। এনপিও'র সহযোগিতায় উৎপাদনশীলতা উন্নয়ন সংক্রান্ত আলোচনা সভা ও সেমিনার ০৫

১১। অডিট সংক্রান্ত তথ্য (সংগঠনের বিগত ০৩ বছরের বার্ষিক অডিট সংক্রান্ত রিপোর্ট/প্রতিবেদন ১০

১২। সামাজিক দায়িত্ব পালন (CSR) সংক্রান্ত (সংগঠন কর্তৃক বিগত ০৩ বছরের সামাজিক দায়িত্ব পালন (CSR) এর বিবরণ (প্রমাণক সংযুক্ত করতে হবে) ১০

নিলুফার জেসমিন খান
সিনিয়র সহকারী সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার